




ISO 9001: 2015 CERTIFIED



নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২

টোয়াল্লা, নরসিংদী।



E-mail: narsingdipbs2@yahoo.com
Web : <http://pbs2.narsingdi.gov.bd/>

স্মারক নং-২৭.১২.৬৮৬০.৫৫০.০২.০০৮.২২. ২০০৮

তারিখ

০৫ বৈশাখ' ১৪২৯ বঃ

১৮/০৪/২০২২ খ্রিঃ

বিষয়ঃ “আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি ”

নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত পদে জ্যেষ্ঠতার ভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরির নিমিত্তে সন্তোষজনক ও ধারাবাহিকভাবে কর্মসম্পাদনকারী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি (Last Pay Certificate) অনুযায়ী নির্ধারিত মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো'২০১৬ অনুযায়ী বেতন গ্রেড-১ এর প্রারম্ভিক ধাপে বেতন, যাহা বেশী, তাহা নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে। এক্ষেত্রে বাপবিবোর্ড কর্তৃক জারিকৃত হালনাগাদ সার্কুলার অনুসরণ করা হবে।	<p>০১। প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা আগামী ১২/০৫/২০২২ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৫২ (বায়াম) বছরের মধ্যে হতে হবে।</p> <p>০২। ইতিপূর্বে পল্লী বিদ্যুৎ সমিতিতে সন্তোষজনকভাবে মিটার রিডার/ম্যাসেঞ্জার/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩(তিন)/০৬(ছয়)/০৯(নয়) বৎসর ধারাবাহিকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।</p> <p>০৩। নরসিংদী ও কিশোরগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা/ নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ ইতিপূর্বে যারা চাকুরী করেছেন/ ইতিপূর্বে অন্য কোন সংস্থায় ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/নির্দিষ্ট মেয়াদ পূর্তির পূর্বে স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।</p> <p>০৪। প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকা ও চালনায় পারদর্শী হতে হবে।</p> <p>০৫। সমিতির সাথে চুক্তির সময় নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে।</p> <p>০৬। যে সকল প্রার্থী ইতিপূর্বে অত্র সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) হিসাবে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।</p> <p>০৭। আবেদনকারীকে গাণিতিক হিসাব-নিকাশে এবং সুন্দর হাতের লেখায় পারদর্শী হতে হবে।</p> <p>০৮। প্রার্থীকে কমপক্ষে এস.এস.সি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।</p> <p>০৯। প্রার্থীকে সং,বিশ্বস্ত, ব্যক্তিত্ব সম্পন্ন, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।</p> <p>১০। কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার যদি অব্যাহিত প্রাপ্ত/অপসারিত/চাকুরীচ্যুত হন বা শৃঙ্খলা বিরোধী কাজে দণ্ডিত থাকেন অথবা মেয়াদ পূর্তির পূর্বেই স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন তা হলে সে সকল প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।</p>


অন্যান্য শর্তাবলীঃ

- ০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতির প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণকে নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (www.pbs2.narsingdi.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১২/০৫/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২, টোয়াল্লা, নরসিংদী এর বরাবরে ডাকযোগে, কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ আবেদনপত্র প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, সাদাকাগজে/ সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০২। প্রার্থীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে ইতিপূর্বে কর্মরত পবিসের মোট চাকুরীকাল এবং বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।
- ০৩। ওয়েব সাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র, ইতিপূর্বে কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ পত্র যা সংশ্লিষ্ট পবিসের এজিএম (প্রশাসন/এইচ আর) কর্তৃক সাম্প্রতিক সময়ে সত্যায়িত, সম্প্রতি কালের তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্র এবং স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়রের নিকট হতে নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করতে হবে। পবিসের অভিজ্ঞতার সনদ ব্যতীত অন্যান্য সকল সনদপত্র ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সত্যায়িত কপিতে সত্যায়নকারীর নাম, পদবী সীলসহ স্পষ্টস্বাক্ষরে থাকতে হবে।
- ০৪। আগামী ১২/০৫/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ বৎসরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের জন্য এসএসসি পাশের সনদ বিবেচনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়।

অ: পূ: দ্র:



ISO 9001: 2015 CERTIFIED




নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২
চৌমালা, নরসিংদী।



E-mail: narsingdipbs2@yahoo.com
Web : <http://pbs2.narsingdi.gov.bd/>

- ০৫। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর ন্যূনতম ০১/০২ দিনের বিরতি দিয়ে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যাবে। এভাবে সর্বোচ্চ ০৩ মেয়াদে (৩+৩+৩) মোট ০৯ (নয়) বৎসর চাকুরীতে বহাল রাখা হবে। তবে কোন অবস্থাতেই নিয়োগ প্রাপ্তগণ নতুন চুক্তিতে ০৯ (নয়) বৎসরের অধিকাল অথবা ৫৫ (পঞ্চাশ) বৎসরের বেশী (যেটি আগে আসে) অত্র সমিতির চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৬। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের কেউ আবেদন করতে পারবেন না।
- ০৭। অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ/ বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ করতে হবে।
- ০৮। দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল হবে।
- ০৯। ইতিপূর্বে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত ছিলেন এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতীকেই তাৎক্ষণিকভাবে চাকুরী হতে বরখাস্ত করা হবে।
- ১০। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন করে অন্যের স্থায়ী ঠিকানা ব্যবহার করে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১১। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় অবশ্যই আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল যোগ্যতা/অভিজ্ঞতা/অন্যান্য প্রয়োজনীয় সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। প্রার্থী কোন সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে ব্যর্থ হলে/সনদপত্র গ্রহণযোগ্য না হলে অথবা তথ্য যাচাইয়ের কোন অসংগতি পরিলক্ষিত হলে তাকে চাকুরীতে যোগদান করতে দেওয়া হবে না।
- ১২। বাপবিবোর্ডের স্মারক নং- পবিবো/সচিব(বোঃ-সঃ-৪৯৪)/২০১৩/৫৩১, তারিখ:- ১৫/০১/২০১৩ খ্রি: মোতাবেক চলমান চুক্তি মেয়াদ শেষ হওয়ায় পূর্ববর্তী ০৩ (তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১৩। খামের উপরে পদের নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- ১৪। অসম্পূর্ণ ও ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



১৬-১৪-১২
(মোঃ ইউসুফ)

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়- বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

- ০১। জেলা প্রশাসক, নরসিংদী।
- ০২। পুলিশ সুপার, নরসিংদী।
- ০৩। মেয়র..... পৌরসভা, নরসিংদী।
- ০৪। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৫। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৬। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৯। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....১/২/৩/৪।
- ১০। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, নরসিংদী।
- ১১। ডিজিএম, শিবপুর/মরজাল/কুলিয়ারচর/মনোহরদী/নরসিংদী সদর/রায়পুরা জোঃ অঃ/সদর দপ্তর, কারিগরী, নরসিংদী পবিস-২।
- ১২। এজিএম (ওএন্ডএম), করিমপুর/চরসুবুদ্দি/সরারচর/বেলাবো সাব-জোনাল অফিস, নরসিংদী পবিস-২।
- ১৩। এজিএম (অর্থ-হিসাব/রাজস্ব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/প্রশাসন), নরসিংদী পবিস-২।
- ১৪। এজিএম (আইটি), নরসিংদী পবিস-২ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন- প্রয়োজনীয় দলিলাদিসহ)।
- ১৫। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www.pbs2.narsingdi.gov.bd), নরসিংদী পবিস-২।
- ১৬। অফিস কপি/মাস্টার কপি।

সদয় অবগতির জন্য


১৬-১৪-১২
(মোঃ ইউসুফ)

সিনিয়র জেনারেল ম্যানেজার